

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ আগস্ট'২০২৩খ্রি.

চট্টগ্রামে চালু হলো ফিজিও অর্থোপেডিক পুনর্বাসন কেন্দ্র

নগরীর কদমতলীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও রেড ক্রিসেন্টের যৌথ উদ্যোগে চালু হল ফিজিও অর্থোপেডিক পুনর্বাসন কেন্দ্র।

শুক্রবার সকালে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু উন্নয়নের পাশাপাশি বাংলাদেশকে মানবিক রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠায় নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। গণমানুষের ভাগ্যবদলে তিনি ৯৬ সালে সরকার গঠন করে বয়স্ক ও বিধবা ভাতা চালু করেন। একইভাবে প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে বর্তমান সরকার ইউনিয়ন পর্যায়ে ২২ প্রকারের ভাতা প্রদান করছে।

কেন্দ্রটির উদ্বোধক সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী বলেন, একমাত্র চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীর শিক্ষা ও স্বাস্থ্যখাতে বিনিয়োগ করে থাকে। আমি দায়িত্ব গ্রহণের পর বিভিন্ন দুর্ঘটনায় অঙ্গহানি হওয়া ব্যক্তিদের পুনর্বাসনে একটি বিশেষায়িত প্রতিষ্ঠানের প্রয়োজন অনুভব করলে রেড ক্রিসেন্টের নেতৃবৃন্দের সহযোগিতা নিয়ে এই ফিজিও অর্থোপেডিক পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠার উদ্যোগ গৃহণ করি। এ প্রতিষ্ঠানে দুর্ঘটনায় অঙ্গহানি ব্যক্তিদের পাশাপাশি বয়স্ক নাগরিক ও ক্রীড়াবিদদের স্বাস্থ্যসেবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অবঃ) এটিএম আবদুল ওয়াহ্‌হাব বলেন, এই প্রতিষ্ঠান দুর্ঘটনায় অঙ্গহানি হওয়া ব্যক্তিদের আশার আলো দেখাবে, তাদের ফিরিয়ে দিবে স্বাভাবিক জীবন।

সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারী আবদুল জব্বারের সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিটের ভাইস চেয়ারম্যান আলমগীর পারভেজ। উপস্থিত ছিলেন এনায়েত বাজার ওয়ার্ড কাউন্সিলর সলিমুল-াহ বাচ্চু, জেলা রেড ক্রিসেন্ট ইউনিটের সেক্রেটারী মোঃ আসলাম খান, সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য মনজুর মোর্শেদ ফিরোজ, এইচ এম সালাউদ্দিন, মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, কাজী তৌফিকুল আযম, ডাঃ বিদ্যুৎ বড়ুয়া, মোশরাফুল হক চৌধুরী পাভেল, মোঃ ইমতিয়াজ, যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রাম এর যুব প্রধান ইস্তাকুল ইসলাম চৌধুরী ইশান সহ বিভিন্ন যুব রেড ক্রিসেন্টের আওতাধীন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮